# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**14-05-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১। নতুন দিল্লীতে আজ ব্রিকস দেশগুলির বিদেশমন্ত্রীদের দু-দিনের বৈঠক শুরু হয়েছে।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সংযুক্ত আরব-আ্মীরশাহী, নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে ও ইতালি এই পাঁচ দেশ সফর শুরু করবেন।

৩। উত্তরপ্রদেশে গত ২৪ ঘণ্টায় ধূলিঝড়, এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিতে অন্তত ৬০ জনের মৃত্যু হয়েছে। বেসরকারি সূত্রে মৃতের সংখ্যা শতাধিক বলে জানানো হয়েছে।

৪। অসম সরকার আগামী ২৬ শে মে রাজ্য বিধানসভায় অভিন্ন দেওয়ানী বিধি বিল পেশ করতে চলেছে।

৫। আইপিএল ক্রিকেটে আজ পাঞ্জাব কিংস, মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

---

নতুন দিল্লিতে আজ ব্রিকস গোষ্ঠী ভুক্ত দেশগুলির বিদেশ মন্ত্রীদের দুদিনের বৈঠক শুরু হয়েছে। বিদেশ মন্ত্রী ডঃ এস জয় শঙ্কর বৈঠকের সভাপতিত্ব করছেন। ব্রিকস গোষ্ঠী ভুক্ত দেশগুলির বিদেশ মন্ত্রীরা ছাড়াও সদস্য ও অংশীদার দেশগুলির প্রতিনিধি দলের প্রধানরা এই বৈঠকে অংশগ্রহণ করছেন। বৈঠকের প্রারম্ভিক অধিবেশনে বিদেশমন্ত্রী ডক্টর জয়শঙ্কর বলেন, শান্তি ও নিরাপত্তা বর্তমান বিশ্ব পরিস্থিতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ য়ে

উঠেছে। সাম্প্রতিক সময়ে বিভিন্ন অঞ্চলে যে সংঘাত দেখা দিয়েছে, তার প্রেক্ষিতে আলোচনা এবং কূটনীতি গুরুত্ব বেড়েছে।

বাইট জয়শঙ্কর

ব্রাজিলের বিদেশমন্ত্রী মাওরো ভিয়েরা, রাশিয়ার বিদেশমন্ত্রী সেরগেই লাভরভ, ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি সহ ব্রিকস দেশগুলির বিদেশমন্ত্রীরা এই বৈঠকে উপস্থিত হয়েছেন।

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির বিদেশ মন্ত্রীরা আজ বৈঠকে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আন্তর্জাতিক ও আঞ্চলিক বিষয়গুলি নিয়ে মত বিনিময় করবেন।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল পাঁচ দেশ সফর শুরু করছেন। সফরের প্রথম পর্যায়ে তিনি যাবেন আবু ধাবি। এর পর নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে এবং ইতালি সফর করবেন তিনি। নতুন দিল্লিতে গত সন্ধ্যায় বিদেশ মন্ত্রকের পশ্চিম বিষয়ক সচিব সিবি জর্জ জানিয়েছেন, আবু ধাবি সফর কালে শ্রী মোদী সংযুক্ত আরব আমিরশাহির প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করবেন। জ্বালানি নিরাপত্তা, পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আন্তর্জাতিক ও আঞ্চলিক নানা বিভিন্ন বিষয় নিয়ে দুই নেতা কথা বলবেন। পাশাপাশি, সংযুক্ত আরব আমিরশাহীতে বসবাসকারী ৪০ লক্ষ প্রবাসী ভারতীয়র কল্যাণে গৃহীত পদক্ষেপ নিয়েও মত বিনিময় করবেন তাঁরা।

পশ্চিম এশিয়ার সংকটের ফলে খোঁজ তেল সরবরাহের ক্ষেত্রে যে সমস্যা দেখা দিয়েছে, দুই দেশের মধ্যে আলোচনায় তা নিয়ে কথাবার্তা হতে পারে বলে মনে করা হচ্ছে।

বাইট সিবি জর্জ

প্রধানমন্ত্রী আগামীকালই নেদারল্যান্ডস যাবেন। ২০১৭ সালের পর এটিই হবে তাঁর সে দেশে দ্বিতীয় সফর। সেখানে তিনি রাজা উইলেম-আলেকজান্ডার ও রানি ম্যাক্সিমার সঙ্গে সাক্ষাৎ করবেন। সেদেশের প্রধানমন্ত্রী রব জেটেনের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় যোগ দেবেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী আগামী রবিবার সুইডেনের গোথেনবার্গে পৌঁছাবেন। সুইডিশ প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসনের সঙ্গে বৈঠকে প্রতিরক্ষা, কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই, গ্রিন ট্রানজিশন এবং স্টার্টআপের মতো বিষয়গুলি নিয়ে বিশদ আলোচনা হবে।

সফরের চতুর্থ পর্যায়ে সোমবার প্রধানমন্ত্রী নরওয়ে যাবেন। সেখানে তিনি রাজা পঞ্চম হারাল্ড -এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন এবং ভারত-নরওয়ে ব্যবসা ও গবেষণা সম্মেলনে ভাষণ দেবেন। মঙ্গলবার নরওয়েতে আয়োজিত হবে তৃতীয় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলন।

সফরের শেষ পর্যায়ে মঙ্গলবার প্রধানমন্ত্রী ইতালিতে প্রেসিডেন্ট সার্জিও ম্যাটারেলা এবং প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে সাক্ষাৎ করবেন।

----------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী এনডিআরএফ মাত্র ২০ বছরের মধ্যে দেশের সব মানুষের আস্থা অর্জন করেছে। আজ উত্তরপ্রদেশের গাজিয়াবাদে এনডিআরএফ-এর বিশেষ অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, যেকোনো বিপর্যয় ঘটলে এনডিআরএফ কর্মীরা যে দ্রুততার সঙ্গে ঘটনাস্থলে পৌঁছে কাজ শুরু করেন, তা অত্যন্ত প্রশংসনীয়।

বাইট অমিত শাহ

আজ এই অনুষ্ঠানে এনডিআরএফ-এর কর্মী ও আধিকারিকদের উল্লেখযোগ্য কাজের স্বীকৃতিতে প্রেসিডেন্টস কালার সম্মান প্রদান করা হয়।

-----------------

সরকার দেশের অভ্যন্তরীণ সরবরাহ বৃদ্ধি ও দাম নিয়ন্ত্রণে রাখতে ২০২৬ এর সেপ্টেম্বর বা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চিনি রপ্তানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। যদিও ইউরোপীয় ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্রে Tariff rate quota এবং Country Specific quota, এডভান্সড অথরাইজেশন স্কিম এবং অন্য দেশে খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে সরকারের বিশেষ চুক্তির ক্ষেত্রেও এ নিষেধাজ্ঞা কার্যকর হবে না। সরকারের বাণিজ্য ও উদ্যোগ মন্ত্রকের অধীন বিদেশ বাণিজ্য মহানির্দেশালয় DGFT নির্দেশিকা জারি করে রপ্তানি নীতিতে এই পরিবর্তন এনেছে।

-----------------

উত্তরপ্রদেশে গত ২৪ ঘণ্টায় ধূলিঝড়, এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিতে অন্তত ৬০ জনের মৃত্যু হয়েছে। বেসরকারি সূত্রে মৃতের সংখ্যা শতাধিক বলে জানানো হয়েছে।

সবচেয়ে বেশি ১৭ জনের প্রাণহানি হয়েছে প্রয়াগরাজে। ভাদোহি জেলায় মৃত্যু হয়েছে ১৫ জনের। মির্জাপুরে ১০ জন, ফতেহপুরে ৯ জন, বাদায়ুনে ৫ জন এবং বেরেলি জেলায় ৪ জন প্রাণ হারিয়েছেন। ১০০ জনের বেশি আহত মানুষ বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন। বেশিরভাগ প্রাণহানি হয়েছে বজ্রাহত হয়ে।

পরিস্থিতি পর্যালোচনায় মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ঊর্ধ্বতন আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন। আগামী ২৪ ঘণ্টার মধ্যে ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি।

রাজ্যের বিভিন্ন এলাকায় গতকাল আবহাওয়ার এই আকস্মিক পরিবর্তনের ফলে বেশ কিছু বৈদ্যুতিক খুঁটি ও গাছ উপড়ে পড়ায় বিদ্যুৎ সরবরাহ এবং সড়ক যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়ে। কৃষ ফসলেরও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ National Action Plan for Toys”। দেশে খেলনা শিল্পের প্রসার নিয়ে ভারত টয়স অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ব্রিজেশ রানিলা-ওয়ালার সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------

অসম সরকার আগামী ২৬শে মে রাজ্য বিধানসভায় অভিন্ন দেওয়ানি বিধি (UCC) বিল পেশ করতে চলেছে। দ্বিতীয়বারের জন্য অসমের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর, প্রথম মন্ত্রিসভার বৈঠকে এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা জানান, ২৬শে মে সরকার অভিন্ন দেওয়ানি বিধি বিলটি সভায় উত্থাপন করবে।

মুখ্যমন্ত্রী জানান, প্রস্তাবিত এই আইনের লক্ষ্য হলো বিবাহের আইনি বয়সসীমা, বহুবিবাহ, উত্তরাধিকার এবং 'লিভ-ইন' সম্পর্কের মতো বিষয়গুলোর সমাধান করা। তিনি স্পষ্ট করে দেন যে, ধর্মীয় রীতিনীতি এই বিলের আওতামুক্ত থাকবে।

উত্তরাখণ্ড এবং গুজরাটের পর অসম দেশের তৃতীয় রাজ্য হিসাবে, বিধানসভায় অভিন্ন দেওয়ানি বিধি বিল আনতে চলেছে।

-----------------

পশ্চিমবঙ্গের স্কুলের প্রার্থনা সংগীত হিসেবে এবার থেকে জাতীয় স্তোত্র বন্দেমাতরম গাওয়া বাধ্যতামূলক করছে রাজ্য সরকার। এ ব্যাপারে শিক্ষা দপ্তর আজ বিজ্ঞপ্তি জারি করবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

জাতীয় সংগীত 'জনগণমন'ও একইসঙ্গে প্রার্থনা সংগীত হিসেবে থাকবে। আগামী সোমবার থেকেই এই নির্দেশিকা কার্যকর হচ্ছে।

-----------------

পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতা হাইকোর্টে এক মামলায় আইনজীবী হিসাবে সওয়াল করেছেন। প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে

তিনি রাজ্যে ভোট পরবর্তী হিংসা নিয়ে এক দলীয় প্রার্থীর দায়ের করা মামলায় তিনি সওয়াল করেন।

----------------

পশ্চিমবঙ্গে এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯১ দশমিক ২/৩ শতাংশ। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার জানিয়েছেন, গতবারের তুলনায় পাশের হার সামান্য বেড়েছে। **প্রথম দশে স্থান পেয়েছেন** ৬৪ জন।

বাইট পার্থ

**৪৯৬ নম্বর পেয়ে প্রথম হয়েছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের ছাত্র** আদৃত পাল। **ঐ স্কুল থেকেই ঋতব্রত নাথ এবং ঐতিহ্য পাছাল এবং পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের জিষ্ণু কুন্ডু ৪৯৫ পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। ৪৯৪ পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন পাঁচ জন।**

**রাজ্যের প্রথম দশে থাকা পরীক্ষার্থীদের মধ্যে ১৮ জনই নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের পড়ুয়া। স্কুলের এই সাফল্যে সন্তোষ ব্যক্ত করেছেন মিশনের প্রধান শিক্ষক ইষ্টেশানন্দজী মহারাজ।**

বাইট মহারাজ

সংসদ সভাপতি জানান, এবারই প্রথম সেমিস্টার পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক হয়েছে। তৃতীয় এবং চতুর্থ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতেই উচ্চ মাধ্যমিকের চূড়ান্ত মূল্যায়ন করা হয়েছে। বিজ্ঞান বিভাগে পাশের হার সর্বোচ্চ। এরপরই রয়েছে বাণিজ্য এবং কলা বিভাগ।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতী ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানিয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সহ মেধা তালিকায় থাকা পরীক্ষার্থীদের সঙ্গে তিনি কথা বলবেন বলে জানান। রাজ্য সরকারের তরফে আধিকারিকরাও তাঁদের বাড়িতে গিয়ে অভিনন্দন জানাবেন।

----------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প গতকাল দু দিনের সফরে চিনের রাজধানী বেজিং-এ পৌঁছেছেন। চিনের রাষ্ট্রপতি শি জিনপিং-এর সঙ্গে তিনি আজ ইরান যুদ্ধ, বিশ্বের জ্বালানি সংকট, দ্বিপাক্ষিক বাণিজ্য ও কৃত্তিম বুদ্ধিমত্তার মতো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনায় বসেছেন। কূটনৈতিক মহলের মতে, আমদানি শুল্ক এবং প্রযুক্তিগত লড়াই নিয়েও দুই নেতার মধ্যে মতবিনিময় হবার সম্ভাবনা। সূত্রের খবর, পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বৈঠকে চীনের সাহায্যে হরমুজ প্রণালী পুনরায় খোলার চেষ্টা করবেন ট্রাম্প।

----------------

রাশিয়া গতকাল ইউক্রেনে এক বিশাল ড্রোন হামলা চালিয়েছে। ন্যাটো (NATO) সীমান্ত সংলগ্ন পশ্চিমাঞ্চলীয় এলাকার গুরুত্বপূর্ণ পরিকাঠামো লক্ষ্য করে এই হামলা চালানো হয়। এই হামলায় অন্তত ৬ জন নিহত হয়েছেন। আহত অনেকে। ইউক্রেন জানিয়েছে, রাশিয়া প্রায় ৮ শো-টি ড্রোনের পাশাপাশি ক্ষেপণাস্ত্র হামলাও চালিয়েছে।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সমাজ মাধ্যমের এক বার্তায় বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চীন সফরের সময় রাশিয়ার এই হামলা বিশেষ তাৎপর্যপূর্ণ।

সীমান্তের কাছে এই হামলার কারণে পোল্যান্ড ওই এলাকায় যুদ্ধবিমান মোতায়েন করেছে। নিরাপত্তা নিশ্চিত করতে স্লোভাকিয়া সাময়িকভাবে ইউক্রেন লাগোয়া কিছু সীমান্ত এলাকা বপ্পধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে, হাঙ্গেরি এই হামলার তীব্র নিন্দা করেছে। প্রেসিডেন্ট জেলেনস্কি হাঙ্গেরির এই প্রতিক্রিয়ার প্রশংসা করেছেন।

অন্যদিকে, মলদোভা জানিয়েছে, একটি ড্রোন তাদের আকাশসীমায় প্রবেশ করে প্রায় ৩০০ কিলোমিটার অতিক্রম করার পর রাডার থেকে অদৃশ্য হয়ে যায়।
ইউক্রেনের সামরিক গোয়েন্দা সংস্থা জানিয়েছে, সম্ভাব্য ক্ষেপণাস্ত্র হামলার আগে ইউক্রেনের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে বিভ্রান্ত করতেই এই ড্রোন হামলা চালিয়েছিল রাশিয়া।

-----------------

আইপিএল ক্রিকেটে আজ পাঞ্জাব কিংস, মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে। হিমাচল প্রদেশের ধরমশালায়, HPCA স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়। গারো ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে পাঞ্জাব পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে এবং সমসংখ্যক ম্যাচে মুম্বাই ৬ পয়েন্ট নিয়ে নবম স্থানে রয়েছে।

অন্যদিকে, গতকাল কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর কাছে ৬ উইকেটে পরাজিত।

----------------- -----------------